

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮২৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ এই ধরণের সূর্য গ্রহণের সালাত কিভাবে আদায় করবে তার বিবরণ

ذِكْرُ كَيْفِيَّةِ هَذَا النَّوْعِ مِنْ صَلَاةِ الْكُسُوفِ

আরবী

2829 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ بِبَيْتِ الْمَقْدِسِ قَالَ: حَدَّثَنَا امْنُ وَهْبِ قَالَ: أَخْبَرِنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ أَنَّ عَمْرَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرِنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ أَنَّ عَمْرَةَ بَنْتِ عَبْدِ الرَّحْمَنِ حَدَّثَتْهُ! أَنَّ عَائِشَةَ حَدَّثَتْهَا: أَنَّ يَهُودِيَّةً أَتَتْهَا فَقَالَتْ: أَجَارَكِ اللَّهُ مِنْ عَذَابِ الْقَبْرِ فَقَالَتْ عَائِشَةُ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ النَّاسَ لَيُفْتَنُونَ في عَذَابِ الْقَبْرِ فَقَالَتْ عَائِشَةُ لِرَسُولِ اللّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ النَّاسَ لَيُفْتَنُونَ في القبر قال رسول الله: (عائذٌ بِاللَّهِ) قَالَتْ عَائِشَةُ: ثُمَّ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجً مَعْ إِلَيْنَا النِسَاءُ وَأَقْبَلَ رَسُولُ اللَّهِ مَخْرَجًا فَخَسَفَتِ الشَّمْسُ فَخَرَجْنَا إِلَى الْحُجْرَةِ وَاجْتَمَعَ إِلَيْنَا النِسَاءُ وَأَقْبَلَ رَسُولُ اللَّهِ مَكْرَجًا فَخَسَفَتِ الشَّمْسُ فَخَرَجْنَا إِلَى الْحُجْرَةِ وَاجْتَمَعَ إِلَيْنَا النِسَاءُ وَأَقْبَلَ رَسُولُ اللَّهِ مَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَذَلِكَ ضَحْوَةً - فَقَامَ يُصَلِّي فَقَامَ قِيَامًا طَوِيلًا ثُمَّ رَكُعَ دُونَ الْكُولِ ثُمَّ رَخُوعِهِ ثُمَّ سَجَدَ ثُمَّ سَجَدَ ثُمَّ قَامَ الثَّانِيَةَ وَصَنَعَ مَثْلُ ذَلِكَ إِلَّا أَنَّ رُكُوعَهُ دُونَ الرَّعُودَ الْأُولَى ثُمَّ سَجَدَ وَتَجَلَّتِ الشَّمْسُ فَلَمَّا انْصَرَفَ قَعَدَ مَا لُقَالَ فِيمَا يَقُولُ -: (إِنَّ النَّاسَ يُفْتَنُون فِي قُبُورهم كَفِتْنَةِ الدَّجَّالِ) قَالَتْ عَامَ القَارِ فيمَا يَقُولُ -: (إِنَّ النَّاسَ يُفْتَنُون فِي قُبُورهم كَفِتْنَةِ الدَّجَّالِ) قَالَتْ عَوْد مِن ذَلِكَ يَتَعُوذ مِن فَتَنَة القَبر.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2729 | خلاصة حكم المحدث: صحيح ـ ((جزء الكسوف)): ق.

বাংলা

২৮২৯. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ইয়াহুদী মহিলা তাঁর কাছে এসে বলেন, "আল্লাহ আপনাকে কবরের আযাব থেকে রক্ষা করুন।" অতঃপর আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বলেন, "লোকদেরকে কি কবরে শাস্তি দেওয়া হবে?" রাসূল সাল্লাল্লাহু



আলাইহি ওয়াসাল্লাম বলেন, "আল্লাহর কাছে পানাহ চাই।"

আয়িশা রাদ্বিয়াল্লাছ্ আনহা বলেন, "তারপর রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম একদিন বাড়ি থেকে বের হন অতঃপর সূর্য গ্রহণ লাগে। তারপর আমরা হুজরার উদ্দেশ্যে বের হই। নারীরা আমাদের কাছে সমবেত হন। রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম আগমন করেন। সময়টা ছিল পুর্বাহ্ন। তারপর তিনি দাঁড়িয়ে সালাত পড়তে শুরু করেন। তিনি দীর্ঘক্ষন কিয়াম করেন। তারপর রুকু' করেন। তারপর রুকু' থেকে মাথা উত্তোলন করেন। তারপর কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম দীর্ঘ। তারপর রুকু' করেন, তবে সেটা প্রথম রুকু' অপেক্ষা কম দীর্ঘের। তারপর সাজদা করেন। তারপর দ্বিতীয়বার দাঁড়ান এবং আগের মতোই আমল করেন। তবে এখানে তাঁর রুকু' প্রথম রুকু' অপেক্ষা কম দীর্ঘের ছিল। তারপর তিনি সাজদা করেন। সেসময় সূর্য পরিক্ষৃট হয়ে যায়। অতঃপর যখন সালাত শেষ করেন, তখন তিনি মিম্বারের উপর বসেন এবং বলেন, "নিশ্চয়ই লোকদের কবরে দাজ্জালের পরীক্ষার ন্যায় পরীক্ষা করা হবে।"

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "তারপর আমরা শুনতাম, তিনি কবরের আযাব থেকে আশ্রয় চাইতেন।"[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৮৭-১৮৮; সহীহুল বুখারী: ১০৪৯; বাগাবী: ১১৪১; নাসাঈ: ৩/১৩৩-১৩৪; মুসনাদ আহমাদ: ৬/৫৩; সহীহ মুসলিম: ৯০৩; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (জুযউল কুসৃফ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92159

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন